ঝিনাইদহে শিক্ষার মানোন্নয়নে কমিউনিটি অ্যাকশন মিটিং

ঝিনাইদহে অ্যাকটিভ সিটিজেনস গ্রুপ (এসিজি)-এর উদ্যোগে রাউতাইল (রাউতাইল কমিউনিটি ক্লিনিকের পাশে) গতকাল (২৮ জানুয়ারি) মঙ্গলবার সকালে একটি কমিউনিটি অ্যাকশন মিটিং অনুষ্ঠিত হয়েছে।

উল্লেখ্য, সচেতন নাগরিক কমিটি (সনাক) ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর অনুপ্রেরণায় গঠিত এসিজি আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয় ভিত্তিক একটি নাগরিক প্ল্যাটফর্ম।

স্থানীয় নাগরিকদের সহযোগিতায় এসিজি কর্তৃক আয়োজিত এই সভায় আনোয়ার জাহিদ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে স্থানীয় নাগরিকরা অংশগ্রহণ করেন। সনাক-এর মাধ্যমিক শিক্ষা উপকমিটির যুগ্ম আহ্বায়ক আহমেদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এসিজি সমন্বয়ক নুর হোসেন। এছাড়াও বক্তব্য রাখেন এরিয়া কো-অর্ডিনেটর মো. হুমায়ুন কবীর।

এলাকাবাসী ও অভিভাবকবৃন্দ সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন এবং তারা বিভিন্ন সমস্যা চিহ্নিত করার পাশাপাশি চিহ্নিত সমস্যার সমাধানের জন্য সুপারিশ উপস্থাপন করেন। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ইয়েস ও এসিজি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইয়েসের দলনেতা মাজহারুল ইসলাম।

গোরস্থানের মিটিং শেষ করে এসে দেখলেন মোটরসাইকেলটি নেই

গোরস্তানের মিটিং শেষ করার আগেই মোটরসাইকেল নিয়ে চম্পট দিলো চোর। মোটরসাইকেল মালিক গাংনী শহরের মাঠপাড়ার রেজাউল হকের ছেলে রায়হান আলী বলেন, ওলিপাড়া কবরস্থানের ম্যানেজিং কমিটির সভায় যোগ

দেওয়ার জন্য ১৫০ সিসির পালসার মোটরসাইকেলটি রাস্তার পাশে রেখে ঘাড় লক করে গেছিলাম।

সভা শেষ করে ফিরে এসে আর গাড়িটি খুঁজে পাইনি। সিসি ক্যামেরাতে তেখা গেছে মুখে মাস্ক পরিহিত এক ব্যক্তি মোটরসাইকেলের রেজিস্ট্রেশন নং (মেহেরপুর-ল ১২-৩৩২৬) তালা ও ঘাড়ের লক ভেঙ্গে নিয়ে পালিয়ে গেছে।

এ ঘটনায় রায়হান আলী বাদি হয়ে অজ্ঞাতনামা চোরের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। মোটরসাইকেল উদ্ধারের চেষ্টা চলছে বলে জানান তিনি।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার বোর্ড মিটিং অনুষ্ঠিত হয়েছে। সোমবার সন্ধ্যায় শহরের খেয়া রেস্তোরাঁয় অনুষ্ঠিত বোর্ড মিটিং এ সভাপতিত্ব করেন রোটারি ক্লাব অব কুষ্টিয়ার রোটারিয়ান কামারুল আরেফিন।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার নতুন কমিটির অভিষেক অনুষ্ঠান সফল করতে মিটিং এ সিদ্ধান্ত গৃহীত হয়। অনুষ্ঠানের আয়োজন কমিটি এবং সম্ভাব্য অনুষ্টানমালা নিয়ে বিশদ আলোচনা করেন।

এসময় রোটারিয়ান কামারুল আরেফিন বলেন, রোটারি ক্লাবের আর্ত মানবতার সেবায় সর্বদা নিয়োজিত। মানবিক এসব গৃহীত কর্মকান্ডের সাথে সামাজিক দায়বদ্ধতার সঙ্গে মিল রয়েছে এই ক্লাবের। এসময় তিনি রোটারিয়ান সদস্যরা গরীর ও আর্তপীড়িতদের সেবায় নিবেদিত থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

মিটিং এ রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সেক্রেটারি জেনারেল তুষার রতন,বিদায়ী কমিটির সেক্রেটারি জেনারেল জাহিদুল ইসলাম রনি,

রোটারিয়ান সৈয়দা হাবিবা, আকরাম হোসেন বাবু, আকাম উদ্দিন, আশরাফ উদ্দিন নজু, ফরহাদ আলী খান, ফকরুল আলম মিলন,ওবায়দুর রহমান, সহ ক্লাবের বিভিন্ন পর্যায়ের সদস্য ও রোটারিয়ানরা উপস্থিত ছিলেন।